

## জন্মগত CMV কীভাবে আমার শিশুকে প্রভাবিত করতে পারে?

জন্মগত CMV-তে আক্রান্ত শিশুদের স্বাস্থ্য সমস্যা হতে পারে যা জন্মের সময় বা শৈশবকালে বিকাশ লাভ করে।

জন্মগত CMV-তে আক্রান্ত একটি শিশুর নিম্নলিখিত সমস্যাগুলি থাকতে পারে:

- শ্রবণশক্তি হ্রাস
- মাথা ছোট থাকা
- মৃগীরোগ
- বিকাশগত বিলম্ব
- দৃষ্টিশক্তি হ্রাস

## আমি কীভাবে আমার শিশুর জন্মগত CMV-তে আক্রান্ত হওয়াতে বাধা দিতে পারি?

যারা গর্ভবতী বা যাদের গর্ভবতী হওয়ার সম্ভাবনা রয়েছে তাদের লালা এবং প্রস্রাবের সংস্পর্শ এড়িয়ে চলা উচিত, বিশেষ করে ছোট বাচ্চাদের।

## আপনার বিকাশমান শিশুকে রক্ষা করতে সাহায্য করার জন্য

- সন্তান সম্ভবা পিতামাতাদের শিশুদের ডায়পার পরিবর্তন, খাওয়ানো এবং পরিষ্কার করার পরে তাদের হাত ধোয়া উচিত।
- কমপক্ষে 20 সেকেন্ড পর্যন্ত আপনার হাত ধোন বা অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন। আপনার হাত শুকিয়ে নিন।
- টুথব্রাশ শেয়ার করা এড়িয়ে চলুন।
- CMV-এর মতো জীবাণু দূর করতে গরম, সাবান জলে খেলনা এবং খাবারের পাত্রের মতো জিনিসগুলি পরিষ্কার করুন।

## সংস্থানসমূহ

**নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ**  
(New York State Department of Health)  
[www.health.ny.gov/diseases/communicable/cytomegalovirus/fact\\_sheet.htm](http://www.health.ny.gov/diseases/communicable/cytomegalovirus/fact_sheet.htm)

**রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention)**  
[www.cdc.gov/cmV](http://www.cdc.gov/cmV)

**নিউ ইয়র্ক স্টেট আর্লি হিয়ারিং অ্যান্ড ডিটেকশন ইন্টারভেনশন প্রোগ্রাম**  
(New York State Early Hearing and Detection Intervention Program)  
[www.health.ny.gov/community/infants\\_children/early\\_intervention/newborn\\_hearing\\_screening/](http://www.health.ny.gov/community/infants_children/early_intervention/newborn_hearing_screening/)



জন্মগত CMV শৈশবে নন-জেনেটিক শ্রবণশক্তি হ্রাসের প্রধান কারণ।

আপনার শিশুকে সাইটোমেগালোভাইরাস (CMV) থেকে রক্ষা করুন

CMV সম্পর্কে লোকেদের যা কিছু জানা উচিত

যারা গর্ভবতী বা যাদের গর্ভবতী হওয়ার সম্ভাবনা রয়েছে তাদের জন্য



Department of Health



Department of Health

## সাইটোমেগালভাইরাস

### (cytomegalovirus, CMV) কী?

(ইংরেজি উচ্চারণটি হল সাই-টো-মেগ-এ-লো-ভায়-রাস)

CMV হল একটি সাধারণ ভাইরাস যা সকল বয়সের লোকদেরই আক্রান্ত করতে পারে। CMV বেশিরভাগ মানুষের মধ্যে উপসর্গ সৃষ্টি করে না। অন্যদের ফ্লু-এর মত উপসর্গ থাকতে পারে, যেমন জ্বর, গলা ব্যথা, ক্লান্তি এবং গ্রন্থি ফুলে যাওয়া।

### CMV কীভাবে ছড়ায়?

CMV শারীরিক তরল যেমন প্রস্রাব, লালা, বীর্য, যোনিপথের তরল, চোখের জল, বুকের দুধ এবং রক্তের মাধ্যমে ছড়িয়ে পড়ে। লোকেরা প্রায়ই ছোট বাচ্চাদের দেখাশোনা করার সময় CMV-তে সংক্রমিত হয়ে যায়।

### জন্মগত CMV কী?

যখন একজন গর্ভবতী ব্যক্তি CMV-তে সংক্রমিত হন, তখন তারা গর্ভাবস্থার মাধ্যমে এটি তাদের বিকাশমান শিশুর কাছে পাস করতে পারেন। জন্মের সময় CMV-তে আক্রান্ত শিশুর জন্মগত CMV আছে বলা হয়। জন্মগত CMV হল সবচেয়ে সাধারণ সংক্রমণ যা মার্কিন যুক্তরাষ্ট্রে গর্ভবতী পিতামাতা থেকে শিশুর দেহে যায়। এটি নবজাতকের নন-জেনেটিক শ্রবণশক্তি হ্রাসের প্রধান কারণ।

## আমার শিশুর জন্মগত CMV আছে কিনা তা আমি কীভাবে জানব?

যদি আপনার শিশু জন্মের সময় জন্মগত CMV-এর লক্ষণ দেখায়, তাহলে আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারী জন্মগত CMV পরীক্ষা করার পরামর্শ দিতে পারেন।

নিউ ইয়র্কের সকল শিশুর জন্মের পর তাদের শ্রবণশক্তি পরীক্ষা করা হয়। আপনি হাসপাতাল ছেড়ে যাওয়ার পরে আপনার শিশুর আবার তার শ্রবণশক্তি পরীক্ষা করা প্রয়োজন হতে পারে। যদি তাই হয়, তাহলে আপনার শিশুরও জন্মগত CMV পরীক্ষা করা উচিত।

আপনি যদি উদ্বিগ্ন হন যে আপনার শিশুর জন্মগত CMV থাকতে পারে, আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

বহু লোকের শিশুদের চোখ, নাক এবং মুখ স্পর্শ করার মাধ্যমে তাদের শরীরে CMV-এর মতো জীবাণু প্রবেশ করে।

এই মুহুর্তে, জন্মগত CMV প্রতিরোধ করার জন্য কোনো ভ্যাকসিন নেই।

আপনি যদি গর্ভবতী হন বা আপনি গর্ভবতী হওয়ার পরিকল্পনা করে থাকেন, তাহলে জন্মগত CMV সম্পর্কে আরও জানতে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন। আপনার সংক্রমণের ঝুঁকি কমাতে আপনি কী করতে পারেন তা জানুন।

**অল্পবয়সী শিশুদের লালা বা প্রস্রাব স্পর্শ করার পরে সাবান জল দিয়ে আপনার হাত ধুতে বা অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে ভুলবেন না।**

